**ইসলামের ইতিহাস ও সংস্কৃতি১ম ও ২য় পত্র**

**নির্বাচনী পরীক্ষার সাজেশন**

**বিঃদ্রঃ (১ম পত্রের ৪র্থ অধ্যায় থেকে শেষ পর্যন্ত ও২য় পত্রের ৪র্থ অধ্যায় থেকে শেষ পর্যন্ত প্রশ্ন গুলোবিশেষ গুরুত্ব সহকারে পড়বে)**

**প্রশ্ন- ১:**

**প্রথম পত্র - প্রথম অধ্যায় (রাজশাহী বোর্ড - ২০১৯)**

সিন্ধু নদের তীরে প্রাচীনকালে যে সভ্যতা গড়ে উঠেছিল তাই সিন্ধু সভ্যতা নামে পরিচিত। এটি ছিল কৃষিভিত্তিক নগর সভ্যতা।নগরের ড্রেনেজ ব্যবস্থা,ঘরবাড়ির চিহ্ন দেখে অনুমান করা হয় সিন্ধু সভ্যতার লোকেরা পরলৌকিক জীবন সম্পর্কে ধারণা রাখত না। সুখ সমৃদ্ধ পার্থিব জীবনই তাদের আরাধ্য ছিল।

ক.পিরামিড কী?

খ.হায়ারোগ্লিফিক্স কী?ব্যাখ্যা করো।

গ.উদ্দীপকের সাথে প্রাচীনকালের কোন সভ্যতার মিল রয়েছে? ব্যাখ্যা করো।

ঘ.উদ্দীপকের জনসাধারণের সাথে উক্ত সভ্যতার জনসাধারণের জীবনপ্রণালীর তুলনামূলক আলোচনা করো।

**প্রশ্ন–২**

**প্রথম পত্র - প্রথম অধ্যায় (ঢাকা বোর্ড –২০১৯)**

বাংলা একাডেমি প্রাঙ্গনে প্রতি বছর একুশে ফেব্রুয়ারি উপলক্ষে মাসব্যাপী বইমেলা অনুষ্ঠিত হয়।ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন অঞ্চলে থেকে এ মেলা ক্রেতা,বিক্রেতা, দর্শনার্থী,শিল্পী সাহিত্যিক ও গণমান্য ব্যক্তিরা উপস্থিত হন।উন্মুক্ত মঞ্চে প্রতিদিন আবৃত্তি,সঙ্গীত, প্রকাশনা উৎসব ও আলোচনা অনুষ্ঠিত হয়।প্রতি বছর সাহিত্যকর্মের জন্য বাংলা একাডেমি পুরুস্কার ঘোষণা করা হয়।

ক. আইয়ামে জাহেলিয়া শব্দের অর্থ কী?

খ. হানিফ সম্প্রদায় কারা? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে উল্লেখিত বাংলা একাডেমি পুরস্কারের সাথে প্রাক– ইসলামি যুগের কোন পুরষ্কারের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. তুমি কি মনে করো,উদ্দীপকের মেলাটির মতো ‘উকাজ মেলাও’ সাহিত্যনির্ভর ছিল?তোমার মতের সপক্ষে যুক্তি দাও।

ঘ) উদ্দীপকে বর্ণিত পদক্ষেপ খলিফা আব্দুল মালিকের আরবীয়করণের প্রতিচ্ছবি– বিশ্লেষণ করো।

**প্রশ্ন–৩:**

**প্রথম পত্র – দ্বিতীয় অধ্যায় ( রাজশাহী বোর্ড – ২০১৭)**

আব্দুস সামাদ এলাকার সব স্তরের মানুষের কাছে শ্রদ্ধার প্রাত্র ছিলেন।তিনি স্থানীয় মসজিদের ইমাম নিযুক্ত হওয়ার পর এলার সকলঅর্থনৈতিক কর্মকান্ড বন্ধ করতে বলন।এতে সমাজের একশ্রেণির মানুষের কাছে তিনি শত্রু হলে যান। একপর্যায়ে তাকে শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হতে হয় এবং তিনি দেশত্যাগে বাধ্য হন।

ক. হযরত মুহাম্মদ(স) এর মাতার নাম কী?

খ. হিলফুল ফুজুল বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মহামানবের কর্মকান্ডের সাদৃশ্য লক্ষ্য করা যায়? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্য পূর্ণ তোমার পাঠ্যবইয়ের ঘটনা উক্ত মহাপুরুষের ও তার প্রচারিত ধর্মের জন্য ছিল গুরুত্বপূর্ণ- ব্যাখ্যা করো।

**প্রশ্ন–৪:**

**প্রথম পত্র - দ্বিতীয় অধ্যায় (বরিশাল বোর্ড –২০১৮)**

মিয়ানমার শাসকগোষ্ঠী কর্তৃক অত্যাচার, নির্যাতন,লুন্ঠন ধর্ষণ ও ঘরবাড়ির পোড়ানোর শিকার হয়ে প্রায় ৬লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে।সরকার মানবিক কারণে রোহিঙ্গাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান ও চিকিৎসা দিয়ে সহযোগিতা করছে।বিভিন্ন সামাজিক,সাংস্কৃতিক গোষ্ঠী ও তাদের ত্রাণ বিতরণ করেছে।

ক. মদিনার পূর্ব নাম কী?

খ.মিরাজ বলতে কি বুঝায়? ব্যাখ্যা করো।

গ.উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকরের আলোকে মদিনার মুহাজির ও আনসার সম্প্রদায়ের অবদান মুল্যায়ন কর

**প্রশ্ন–৫:**

**প্রথম পত্র - তৃতীয় অধ্যায় ( রাজশাহী বোর্ড - ২০১৯)**

অটোমান সুলতান মহামতি সুলায়মান একজন শ্রেষ্ঠ সাম্রাজ্য বিস্তারকারি শাসক ছিলেন।তার সাম্রাজ্য কৃষসাগর তিউনিসিয়া এবং ভিয়েনা হতে আরব সাগর পযন্ত বিস্তৃত ছিল।দুনীতির দায়ে তার জামেতাকেও শাস্তি দিতে দ্বিধাবোধ করেননি। এমনকি রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে তিনি নিজ পুত্রকে ফাসি দেন।তিনি অপরাধীদের কঠোর শাস্তি দিতেন।

(ক)কত খ্রিস্টাব্দে উষ্ট্রের যুদ্ধ সংগঠিত হয়?

(খ)ভন্ডনবি কারা?ব্যাখ্যা কর।

(গ)উদ্দিপকের সাম্রাজ্য বিস্তারের সাথে খুলাফায়ে রাশেদিনের কোন খলিফার প্রতিফলন লক্ষনীয়?ব্যাখ্যা কর।

(ঘ)উক্ত খলিফার ন্যায়বিচার উদ্দিপকের আলোকে বিশ্লেষণ করো।

**প্রশ্ন-৬:**

**প্রথম পত্র - তৃতীয় অধ্যায় (ঢাকা বোর্ড - ২০১৯)**

শাসন ক্ষমতা লাভের পর মি. রহিমকে অনেক সমস্যা ও বাধা -বিপত্তির সম্মখিন হতে হয়।তাঁর সময় ভন্ড ধর্ম প্রচারকদের উদ্ভব,করবিরোধী অান্দোলন ও স্বধর্মত্যাগীদের বিদ্রোহ রাষ্ট্রে ধর্ম ব্যবস্থায় উপর অাঘাত হানে।তিনি সাহস অার দৃঢ়তার সাথে এ জটিল পরিস্থিতি মোকাবেলা করেন।বিশ্বস্ততার জন্য তাকে বিশেষ উপাধিতে ভূষিত করা হয়।

ক. জুন্নুরাইন কার উপাধি?

খ. খুলাফায়ে রাশেদিন বলতে কী বোঝ?

গ. উদ্দীপকে মি.রহিমের তোমার পঠিত ইসলামের ইতিহাসের কোন শাসকের সাদৃশ্য রয়েছে?ব্যাখ্যা করো।

ঘ. তোমার পঠিত শাসককে কি ইসলামের ত্রাণকর্তা বলা যায়?তোমার মতামত বিশ্লেষণ করো।

**প্রশ্ন-৭:**

**ঢাকা বোর্ড'২০১৯ [ প্রথম পত্র - চতুর্থ অধ্যায় ]**

সুলতানী ও মুঘল আমলে ভারতে ফার্সি ভাষায় সরকারি কার্যক্রম চলতো। পলাশী যুদ্ধের পর ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হয়। শাসন ক্ষমতায় ইংরেজরা ইংরেজি ভাষার প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভব করেন। এরই প্রেক্ষিতে তারা ভারতে ইংরেজি শিক্ষার স্কুল প্রতিষ্ঠার করেন। অফিস আদালত সবখানে ইংরেজি ভাষা চালু করেন। সবখানে ইংরেজি সংস্কৃতিও চালু হয়।

ক) উমাইয়া খিলাফতের পতন হয় কত খ্রিস্টাব্দে?

খ) মুয়াবিয়া (রা০ কে কেন আরবদের প্রথম রাজা বলা হয়?

ঘ) উদ্দীপকে বর্ণিত পদক্ষেপ খলিফা আব্দুল মালিকের আরবীয়করণের প্রতিচ্ছবি- বিশ্লেষণ করো।

**প্রশ্ন–৮:**

**প্রথম পত্র - চতুর্থ অধ্যায় [ রাজশাহী বোর্ড - ২০১৯]**

সুলতান নাসিরউদ্দীন একজন মহান শাসক ছিলেন। ধর্মভীরু শাসক হলেও পরমধর্মের প্রতি তিনি কখনই বিদ্বেষ পোষণ করতেন না বরং খুবই সহনশীল ছিলেন। তিনি অমুসলিমদের উপর হতে করের বোঝা কমিয়ে দিয়ে নানা রকম সুযোগ –সুবিধা বাড়িয়ে দিয়েছিলেন। অন্যায়ের বিরুদ্ধে তিনি ছিলেন আপোষহীন।

ক.উমাইয়াদের শেষ খলিফার নাম কী?

খ.'রাজেন্দ্র' বলতে কী বোঝায়?ব্যাখ্যা করো।

গ.উদ্দীপকের সুলতানের কর্মকাণ্ড কোন উমাইয়া খলিফার কর্মকাণ্ডের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো।

ঘ.উক্ত খলিফা উমাইয়া বংশের পতনের জন্য কতটুকু দায়ী? তোমার মতা

**প্রশ্ন–৯:**

**প্রথম পত্র - পঞ্চম অধ্যায় [ কুমিল্লা বোর্ড - ২০১৯]**

পবন চৌধুরী মরিচপাশা গ্রামের জমিদার পরিবারের সন্তান।তিনি উচ্চশিক্ষিত ও পৈতৃকসূত্রে বিশাল সম্পদের অধিকারী।এলাকার মানুষের শিক্ষার উন্নতির জন্য তিনি একটি গ্রন্থাগার প্রতিষ্ঠা করেছেন। দেশ–বিদেশের বহু গ্রন্থ সংগ্রহ করে তিনি এটিকে সমৃদ্ধ করে তুলেছেন। তার এই গ্রন্থাগারের সুনাম শুনে দূর-দূরান্ত বহু জ্ঞানপিপাসু মানুষ এখানে ছুটে আসেন। তিনি এই গ্রন্থাগার পরিচালনায় প্রচুর টাকা খবচ করেন।

(ক)আব্বাসীয় বংশের প্রকৃত প্রতিষ্ঠাতার নাম কি?

(খ) 'রাওয়ান্দিয়া 'সম্প্রদায় কারা?ব্যাখ্যা কর।

(গ)উদ্দিপকের উল্লেখিত পবন চৌধুরীর সাথে আব্বাসীয়বংশের কোন খলিফার মিল রয়েছে? ব্যাখ্যা কর।

(ঘ)উক্ত খলিফার শাসনামলকে কি ইসলামের 'অগাষ্টান যুগ 'বলে অভিহিত করা যায়?তোমার উত্তর সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন–১০:**

**প্রথম পত্র - পঞ্চম অধ্যায় (বরিশাল বোর্ড - ২০১৮)**

মালেশিয়ার আনোয়ার ইব্রাহিম ছিলেন প্রধানমন্ত্রী মোহাম্মদের রানিমেট।তথাপি সন্দেহবশত একটি তুচ্ছ ঘটনাকে অজুহাত করে মাতাথির তাকে চির তরে ক্ষমতার বাইরে পাঠিয়ে দেন।পরবর্তীতে মাতাথিরের ক্ষমতা ও জনপ্রিয়তা লোপ পায়।

(ক)থায়জুরান কে ছিলেন?

(খ)'বায়তুল হিকমা ' কি? ব্যাখ্যা কর।

(গ)উদ্দিপকের আনোয়ার ইব্রাহিমের সাথে বামাকি পরিবারের কোন সদস্যের মিল রয়েছে?ব্যাখ্যা কর।

(ঘ)উদ্দিপকের আলোকে বামাকি পরিবারের পতনের কারণ মূল্যায়ন করো।

**প্রশ্ন–১১:**

**প্রথম পত্র - ষষ্ঠ অধ্যায় [রাজশাহী বোর্ড - ২০১৯]**

শিল্প বিপ্লবের পর ইংল্যান্ড ইউরোপের অন্যান্য দেশের মতো অর্থনৈতিকভাবে অনেক সমৃদ্ধ দেশ।শিক্ষাদীক্ষায় ও আজ তারা অনেক অগ্রগামী।এমন একটা সময় ছিল যখন তারা ধর্মগ্রন্থ ছাড়া অন্য কোনো গ্রন্থ সম্পর্কে আগ্রহ প্রকাশ করত না।বর্তমানে সেখানে বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে সারাবিশ্ব হতে ধর্ম,বর্ণ,নির্বিশেষে মেধাবী শিক্ষার্থী, গবেষকরা এসে জ্ঞানচর্চা করেন।

ক.কুরাইশদের বাজপাখি কাকে বলা হয়?

খ.দারুল হিকমাহ কী?ব্যাখ্যা করো।

গ.উদ্দীপকের সাথে স্পেনের ৩য় আব্দুর রহমানের শাসনকালের কোনো মিল আছে কি?ব্যাখ্যা করো।

ঘ.উদ্দীপকের আলোকে মুসলিম স্পেনের রাজধানী কর্ডোভার অবস্থান মূল্যায়ন করো।

**প্রশ্ন–১২:**

**প্রথম পত্র - সপ্তম অধ্যায় [ সিলেট বোর্ড - ২০১৯]**

'ক' রাজ্যের ধর্মীয় নেতা মি. এন্থনি যখন জন সম্মুখে আসেন তখন সবাই অবাক।তিনিও তো তাদের মতো একজন সাধারণ মানুষ। অথচ একদল পুরোহিত বলে আসছিল যে তিনি মানুষ নন বরং দেবতা। পুরোহিতদের বলা এসব কাহিনি তার গোচরে আসে তখন তিনি তাদের কঠোর শাস্তি দেন।অতঃপর জনগনকে সাথে নিয়েই তিনি 'ক' রাজ্য প্রতিষ্ঠায় অবদান রাখেন।

ক. আল আজহার মসজিদ নির্মাণ করেন কে?

খ. দারুল হিকমা কী?

গ. উদ্দীপকে বর্ণিত মি. এন্থনি'র সাথে কোন ফাতেমীয় ধর্মীয় নেতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. উত্তর আফ্রিকায় ফাতেমীয় খিলাফত প্রতিষ্টায় উক্ত ধর্মীয় নেতার অবদান মূল্যায়ন করো।

# ২য় পত্র

**প্রশ্ন- ১**

**ঢাকা বোর্ড – ২০১৭ [ দ্বিতীয়  পত্র– প্রথম অধ্যায়  ]**

সুলতান সোলেমান বারবার একটি দেশে অভিযান পরিচালনা করেন এবং অবশেষে দেশে ফিরে আসেন। অভিযানে তিনি যে ধনসম্পদ অর্জন করেন তা শিক্ষা বিস্তার ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে ব্যস্ত করেন। এক পর্যায়ে তিনি তার রাজ্যকে  সমৃদ্ধশালী রাজ্যে  রূপান্তর করেন।

ক) তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত সালে সংগঠিত হয়?

খ) সতীদাহ প্রথা কী ? ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে  তোমার পঠিত কোন শাসকের সাথে মিল আছে? ব্যাখ্যা করো।

ঘ) "উক্ত শাসক শুধু একজন সেনানায়কই ছিলেন না বরং একটি রাজ্যের প্রতিষ্ঠাতাও ছিলেন" কথাটির যথার্থতা প্রমাণ করো।

**প্রশ্ন- ২**

**দ্বিতীয় পত্র – প্রথম অধ্যায় [ সকল বোর্ড – ২০১৮]**

রমেশ যে দেশে বাস করত, সে দেশটির সামাজিক ক্ষেত্রে নানা বর্ণে ও শ্রেণিতে বিভক্ত ছিল।রাজনৈতিক ক্ষেত্রে অনৈক্য ছিল আর ও  প্রকট। এ পরিস্থিতির সুযোগে পার্শ্ববর্তী রাজ্যের সাম্রাজ্যবাদী শাসক তার একজন তরুণ সেনাপতির নেতৃত্বে অভিযান পরিচালনা করে দেশটি করায়ত্ব করেন। কিন্তু সেখানে বিজয়ী শক্তির দীর্ঘস্থায়ী শাসন ব্যবস্থা কায়েম করা সম্ভব হয়নি।তবে এ বিজয়ের সামাজিক ও সাংস্কৃতিক ফলাফল ছিল গভীরও  সূদুরপ্রসারী।

ক.সুলতান মাহমুদ কোন রাজবংশের শাসক ছিলেন?

খ.ভারতবর্ষকে 'নৃ- তত্ত্বের জাদুঘর 'বলা হয় কেন?

গ.উদ্দিপকের সেনাপতির সাথে তোমার পাঠ্যপুস্তকের  কোন সেনাপতির মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর।

ঘ.উদ্দিপকের ফলাফল উক্ত সেনাপতির বিজয়ের ফলাফলের আংশিক প্রতিফলন-মন্তব্য করো।

ঘ.উদ্দীপকের ঘটনাটিতে তোমার পাঠ্যবইয়ের যে ঘটনার ছায়াপাত ঘটেছে ইতিহাসে তার তাৎপর্য  মূল্যায়ন করো।

**প্রশ্ন – ৩**

**২য় পত্র- দ্বিতীয় অধ্যায় [ দিনাজপুর বোর্ড-২০১৭ ]**

অনলাইন শপিং এর জনপ্রিয়তা দিন দিন বেড়েই চলেছে। মানুষের ব্যস্ততা ও কর্মপরিধি বাড়তে থাকায় তারা আজ বাজারে যাওয়ার পর্যন্ত সময় পাচ্ছেনা।

তাছাড়া প্রতিটি পন্যের দাম নির্ধারিত থাকায় সঠিক ওজন ও পন্যের গুনগত মানের নিশ্চয়তা বিধান করায় এ শপিং ব্যবস্থার উপর ক্রেতাদের আস্থা ও বিশ্বাস বৃদ্ধি পেয়েছে।

ক) তুঘলক বংশের প্রতিষ্ঠাতা কে?

খ) তৈমুর লং এর ভারত আক্রমণের ফলাফল ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকে উল্লিখিত শপিং ব্যবস্থার সাথে সুলতান আলাউদ্দিন খলজির মূল্য নিয়ন্ত্রণ নীতির মিল কোথায়? ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের শপিং ব্যবস্থা ফলপ্রসূ করার মতো আলাউদ্দিন খলজির মূল্য নিয়ন্ত্রণের জন্য গৃহীত পদক্ষেপ বিশ্লেষণ করো।

**প্রশ্ন- ৪**

**দ্বিতীয় পত্র – দ্বিতীয় অধ্যায় [ সকল বোর্ড – ২০১৮]**

মি,আলেক্স উত্তারাধিকারসুত্রে এক বিশাল সম্রাজ্যের অধিপতি হন।ক্ষমতা গ্রহনের পর তিনি লক্ষ করলের অভ্যন্তরীণ ও বহিঃশত্রুর আক্রমণে সাম্রাজ্যের আস্তিত্ব হুমকির সম্মুখীন।তিনি নিজেকে "ঈশ্বরের প্রতিনিধি"বলে ঘোষণা করেন।সেনাবাহিনী পুনগঠন করেন, রাজতন্ত্রের মর্যাদা রক্ষার কঠোর নীতি অবলম্বন করেন।তার এ পদক্ষেপ সাম্রাজ্যের সংহতির জন্য সহায়ক হয়। তিনি দীর্ঘদিন দাপটের সাথে শাষনকার্য পরিচালনায় সক্ষম হন।

ক. কার নামানুসারে কুতুব মিনার নামকরণ করা হয়?

খ. ক্ষমতা গ্রহনের পর ইলতুৎমিশের সমস্যা চিন্তিত করো।

গ.উদ্দীপকের সাথে দাস বংশের কোন শাসকের কর্মকান্ডের মিল– রয়েছ? ব্যাখ্যা করো।

ঘ. উক্ত শাসকের পদক্ষেপ সালতানাতের ভিত্তি সুদৃঢ় করছিল – মন্তব্য করো।

**প্রশ্ন- ৫**

**দ্বিতীয় পত্র - তৃতীয় অধ্যায় [ ঢাকা বোর্ড - ২০১৭]**

মাহমুদা আক্তারের স্বামী একটি বেসরকারি কোম্পানির মালিক। কোম্পানির বিভিন্ন কাজে মাহমুদা তার স্বামীর ওপর প্রভাব বিস্তার করেন।তিনি তার দুই ভাইকে কোম্পানির উচ্চপদে বসান। মাহমুদার প্রভাবের কারণে একপর্যায়ে তার স্বামী কোম্পানির নামমাত্র মালিকে পরিণত হন।

ক. তাজমহল কে নির্মাণ করেন?

খ.খেলাফত আন্দোলনের উদ্দেশ্যে কি ছিল? ব্যাখ্যা কর।

গ.উদ্দীপকে উল্লেখিত দুই জার্মানির বিভক্তি ব্রিটিশ বাংলার কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর।

ঘ.জার্মানির পুনরায় একত্রীকরণ ও উক্ত ঘটনার পরিণতি কি একইছিল?

**প্রশ্ন- ৬**

**দ্বিতীয় পত্র - তৃতীয় অধ্যায় [ঢাকা বোর্ড- ২০১৭]**

খলিফা আল হাকিম তার রাজ্যের সকল ধর্মবলম্বীকে একই পতাকাতলে আনার জন্য জন্য একটি ধর্মমত প্রচলন করেন।কিন্তু এই ধর্মমতটি জনগনের মধ্যে প্রভাব বিস্তার করতে না পারায় তার মৃত্যুর সাথে সাথে এর ইতি ঘটে।

ক. পানিপথের প্রথম যুদ্ধ কত সালে সংঘটিত হয়?

খ. মনসবদারি প্রথা কী? বুঝিয়ে লেখো।

গ. উদ্দিপকে বর্ণিত শাসকের সাথে কোন মুঘল শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. উক্ত মুঘল শাসকের রাজপুত নীতি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন করো।

**প্রশ্ন- ৭**

**২য় পত্র - ৪র্থ অধ্যায় [ সকল বোর্ড- ২০১৬]**

প্রশ্ন ১০:বিংশ শতাব্দীর প্রথমার্ধে জার্মানির পশ্চিমাঞ্চলের জনগণের চেয়ে পুর্বাঞ্চলের জনগণ অনুন্নত ও অবহেলিত ছিল।পশ্চিমাঞ্চলের শাসকগোষ্ঠীর বৈরী মনোভাব আর পুর্বাঞ্চলের জনগণের কল্যাণ ও উন্নয়নের উদ্দশ্যে পুর্ব জার্মানি ও পশ্চিম জামার্নি নামে দুটি পৃথক রাষ্ট্র জন্মলাভ করে।এ বিভক্তির ফলে উভয়

দেশের জনগনের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।জনগনের একটি অংশএ বিভক্তির বিরুদ্ধে আন্দোলন শুরু করে।অবশেষে প্রবল আন্দোলনের মুখে দুই জার্মানিকে পুনরায় একত্রীকরণ করা হয়।

ক. বেঙ্গল প্যাক্ট কী?

খ. খেলাফত আন্দোলনের উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে উল্লেখিত দুই জার্মানির বিভক্ত ব্রিটিশ বাংলার কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো।

ঘ. জার্মানির পুনরায় একত্রিরণ ও উক্ত ঘটনার পরিণতি কি একই ছিল?

**প্রশ্ন-৮**

**সকল বোর্ড–১৫ [ ২য় পত্র চতুর্থ অধ্যায় ]**

বশির উদ্দিন মোল্লা অগাধ ধন-সম্পত্তির মালিক ছিলেন। কিন্তু তিনি অপুত্রক হওয়ায় তার সমস্ত সম্পত্তি মৃত্যুর পূর্বে মেয়ের জামাই হারুন মিয়াকে উইল করে দিয়ে যান। হারুন মিয়া চরাঞ্চলের একজন উচ্চ শিক্ষিত মানুষ হলেও তার এলাকায় কোন শিক্ষা প্রতিষ্ঠান ছিল না। তাই হারুন মিয়া প্রাপ্ত অর্থ ব্যয় করে শশুরের নামে কলেজ, মায়ের নামে একটি মাদ্রাসা ও নিজের নামে একটি স্কুল প্রতিষ্ঠা করেন। তিনি এলাকার গরীব ও মেধাবী ছেলে মেয়েদের জন্য বৃত্তিরও ব্যবস্থা করেন।

ক) হাজি মুহাম্মদ মহসিনের পূর্বপুরুষরা কোথাকার অধিবাসী ছিলেন ?

খ) উপনিবেশিক যুগে বাংলার মুসলিম সমাজে শিক্ষা সংস্কার প্রয়োজন হয়েছিল কেন ? ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকের বশির উদ্দিনের সাথে হাজি মুহাম্মদ মহসিনের কোন ধরনের সাদৃশ্য রয়েছে ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের হারুন মিয়ার কর্মকান্ডের আলোকে হাজি মুহাম্মদ মহসিনের কৃতিত্ব মূল্যায়ন করো।

**প্রশ্ন-৯**

**ঢাকা বোর্ড-১৭ [২য় পত্র, পঞ্চম অধ্যায়]**

"আমাদের দুর্বলতা, ভীরুতা, কলুষ আর লজ্জা

সমস্ত দিয়েছে ঢেকে একখন্ড বস্ত্র মানবিক;

আসাদের শার্ট আজ আমাদের প্রাণের পতাকা।

ক) জাতিসংঘের কোন অঙ্গ সংগঠন একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দেয় ?

খ) ২৫ মার্চ রাতকে 'কালরাত' বলা হয় কেন?

গ) উদ্দীপকের কবিতার লাইনগুলো তোমার পঠিত পাঠ্য বইয়ের কোন আন্দোলনকে নির্দেশ করে তার প্রেক্ষাপট ব্যাখ্যা করো।

ঘ) উক্ত আন্দোলনের ফলাফল পাঠ্য বইয়ের আলোকে মূল্যায়ন করো।

**প্রশ্ন-১০**

**সকলবোর্ড- ১৯ [ ২য় পত্র পঞ্চম অধ্যায় ]**

খনিজ সম্পদে ভরপুর আফ্রিকার একটি দেশ সুদান। এ দেশের উত্তরাঞ্চলের আয়তন দক্ষিণাঞ্চলের চেয়ে অনেক বড় হলেও জন সংখ্যা তুলনামূলক অনেক কম। এছাড়া উত্তরাঞ্চলে নদীনালা কম থাকার কারণে এখানকার ভূমি ছিল অনুর্বর এবং কোথাও কোথাও মরুময়। অন্যদিকে নদীবিদৌত দক্ষিণ সুদান ছিল উর্বর এবং খনিজ সম্পদ গুলোও ছিল এ অঞ্চলে অবস্থিত। রাষ্ট্রক্ষমতায় উত্তর সুদানের একচ্ছত্র আধিপত্য থাকায় দক্ষিণ সুদানকে অর্থনৈতিকভাবে বঞ্চিত করে উত্তর সুদান সম্পদের পাহাড় গড়ে তোলে।

ক) পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ জনগণের মাতৃভাষা কী ছিল?

খ) একুশে ফেব্রুয়ারি স্মরণীয় কেন ? ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকে উল্লিখিত সুদানের ভৌগলিক বৈশিষ্ট্যের সাথে তৎকালীন পাকিস্তানের ভৌগলিক বৈশিষ্ট্যের সাদৃশ্য নিরুপন করো।

ঘ) উদ্দীপকে উল্লিখিত বৈষম্যের আলোকে তৎকালীন পূর্ব পাকিস্তান যে বৈষম্যের শিকার হয়েছিল তার চিত্র তুলে ধরো।

**প্রশ্ন- ১১**

পশ্চিমাঞ্চলের জনগণের চেয়ে পুর্বাঞ্চলের জনগণ অনুন্নত ও অবহেলিত ছিল।পশ্চিমাঞ্চলের শাসকগোষ্ঠীর বৈরী মনোভাব আর পুর্বাঞ্চলের জনগণের কল্যাণ ও উন্নয়নের উদ্দশ্যে পুর্ব জার্মানি ও পশ্চিম জামার্নি নামে দুটি পৃথক রাষ্ট্র জন্মলাভ করে।এ বিভক্তির ফলে উভয়

দেশের জনগনের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।জনগনের একটি অংশএ বিভক্তির বিরুদ্ধে আন্দোলন শুরু করে।অবশেষে প্রবল আন্দোলনের মুখে দুই জার্মানিকে পুনরায় একত্রীকরণ করা হয়।

ক. বেঙ্গল প্যাক্ট কী?

খ. খেলাফত আন্দোলনের উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে উল্লেখিত দুই জার্মানির বিভক্ত ব্রিটিশ বাংলার কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো।

ঘ. জার্মানির পুনরায় একত্রিরণ ও উক্ত ঘটনার পরিণতি কি একই ছিল?

**প্রশ্ন-১২**

**কুমিল্লা বোর্ড-২০১৭[ ২য় পত্র ষষ্ঠ অধ্যায় ]**

ব্রাহ্মণবাড়িয়ার পৈরতলার রেল ব্রিজের পাশে একটা গণকবর আছে।এটি সম্পর্কে একজন প্রত্যক্ষদশী বলেন, কোদাল দিয়ে মাটি খুঁড়তেই বের হইয়ে আসলো মানুষের হাড়-গোড় আর পচা লাশ।পাশাপাশি দুইটা বিশাল গর্ত।আনুমানিক তিন চারশ মানুষের মরদেহ এইখানে মাটি চাপা দেওয়া হয়েছে।এইগুলা সাধীনতা সংগ্রামী ও নিরাপদ মানুষের সমাধি। হানাদার বাহিনী ও রাজাকার আল বদরদের হাতে তারা শহিদ হয়েছেন।

(ক)ছয় দফা কর্মসূচি কে পেশ করেছেন?

(খ)ঐতিহাসিক আগরতলা মামলা বলতে কী বুঝায়?

(গ)উদ্দিপকের প্রত্যক্ষদশীর বক্তব্য আমাদের কোন সময়ের কথা মনে করিয়ে দেয়?ব্যাখ্যা কর।

(ঘ)উদ্দিপকে উল্লেখিত প্রত্যক্ষদশীর বক্তব্যের আলোকে মহান মুক্তিযুদ্ধ সংগঠিত নির্যাতন ও গনহত্যার বিবরন দাও।

**প্রশ্ন-১৩**

**সকল বোর্ড–২০১৮ [ ২য় পত্র ষষ্ঠ অধ্যায় ]**

মার্কিন যুক্তরাষ্ট্রের অবিসংবাদিত নেতা আব্রাহাম লিংকন দাসপ্রথা বিলোপ এবং গণতন্ত্রের পূর্ণর্জাগরনের উদ্দেশ্যে গেটিসবার্গ নামক স্থানে ১৮৬৩ সালের ১৯ নভেম্বর এক যুগান্তকারী ভাষণ দেন। তার এ ভাষণের ব্যাপ্তি ছিল মাত্র তিন মিনিট। ভাষণে তিনি শোষিত জনগণের মুক্তির কথা বলেন। এই ভাষণ ছিল দাস মুক্তির জন্য মাইলফলক।

ক) লাহোর প্রস্তাব কত সালে পেশ করা হয়?

খ) দ্বিজাতিতত্ত্ব বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকের আব্রাহাম লিংকনের ভাষণের সাথে বাংলাদেশের কোন অবিসংবাদিত নেতার ভাষণের মিল আছে? ব্যাখ্যা করো।

ঘ) স্বাধীনতা ও অধিকার প্রতিষ্ঠায় উক্ত নেতার ভাষণের গুরুত্ব ও তাৎপর্য মূল্যায়ন করো।